 L. "%oKK wm«-v`! MÉnY AGcPv `jMz wm«-v`! MÉnY ^kÉq"- eÅvLÅv KGiv| 2
 M. wei...c cwiwÓ@wZGZ Rbve AvdmvGii BwZevPK wm«-v`! MÉnY mnvqZKvix gfj Dcv`vbWU Kx? eÅvLÅv KGiv| 3

eÅemvq msMvB 2q cò




N. wm«-v-! MÈnGY weGePÅ welqàGjvi h^vh^ weGePbvq Rbve AvdmvGii mwVK wm«-vG-! i gfiÅ wfiw gfjÅvqb KGiv | 4

7. ▶ AB wj.-%oi msMVb KvVvGgv




- CD লি.-এর সংগঠন কাঠামো
- K. cÉwkpY Kx? 1
 L. msMVb KvVvGgv ejGZ Kx ^evSvq? 2
 M. DóxcGK CD wj.-%oi msMVb KvVvGgv ^Kvb aiGbi? eÅvLÁv KGiv | 3
 N. msMVb KvVvGgvi w^K ^AGK AB wj.-%oi Amyweav eYÆbv KGiv | 4
8. ▶ wgGmm KvKjx BGqjv AGié bvgK cÉwZÓxvGbi Klq eÅeÕ@vcK | cÉwZÓxvGbi cwiPvjv clÆ KgÆKZÆvG^i pZv I KgÆKzkjZvi cÉwZ mÁÁvb cÉ^kÆb KGi | cÉwZÓxvGbi Ó¼vG^Æ ^hGKvGbv wm«-v-! ^bqvi pgZv KgÆKZÆvG^i ^qv AvGQ | ^vg Zzjbvqfjk Kg nIqv Klq eÅeÕ@vcK wgGmm byi,²vnnvi weG^k ^AGK 5 Ub Rym Avg^vwb KGi | Avg^vwb gvò 1 gvGmi gGaÁ kxZ %Gm hvlqv RyGmi wewkl KGg hvq | %GZ H eQi cÉwZÓxvbwU ^jvKmvGbi mÁÁyLxb nq |
- K. bwxZ KvGK eGj? 1
 L. wbG^Ækbvi HKÁ bwxZ ejGZ Kx ^evSvq? eÅvLÁv KGiv | 2
 M. DóxcGK eÅeÕ@vcbvi ^Kvb bwxZi cÉwZdj b cvlqv hvq? eÅvLÁv KGiv | 3
 N. DóxcGKi cÉwZÓxvGbi ^jvKmvGbi RbÁ Klq eÅeÕ@vcK | ^Kvb àGYi Afve ^vqx eGj Zzwg gGb KGiv | hywÚmn gZvgZ ^vl | 4

9. ▶ 5



- K. evGRU Kx? 1
 L. wbq^Y ejGZ Kx ^evSvq? 2
 M. DóxcGKi QKwU eÅeÕ@vcbv cÉwKlqvi ^Kvb KvGRi cÉwKlqv/avGci mvG^ māvZcfYÆ eGj gGb nq? eÅvLÁv KGiv | 3
 N. "DóxcGKi QKwU %KwU AmÁ-fYÆ cÉwKlqv %oes 'A' wPwnxZ avcwU ewYÆZ cÉwKlqvUi AZÁ-! ài,Z¼cfYÆ Ask"- ^Zvgvi gZvgZmn gfjÅvqb KGiv | 4

10. ▶



- K. wWGkvwWs Kx? 1
 L. djveZÆb ejGZ Kx ^evSvq? 2
 M. DóxcGK ewYÆZ wPòwU ^Kvb aiGbi ^hvMvGhvM wbG^Æk KGi? eÅvLÁv KGiv | 3
 N. DóxcGK ewYÆZ wefvMmgfGni Av^|twbfÆikxj KvhÆKi ^hvMvGhvM cÉwZÓxvGbi DGóÁ ARÆGb mnvqK- Zzwg wK %oi mvG^ %Kgz? ^Zvgvi gZvgZzi mcGp hywU ^Lvl | 4
11. ▶ dvwng %YvicÉvBGRi eÅeÕ@vcbv cwiPvjK Rbve Ai...c %KKfvGe cÉwZÓxvGbi wewf²² ài,Z¼cfYÆ wm«-v-! wbGQ ^vGKb | AaxbÓG^i gZvgZ Avgj ^bb bv %oes ^RvicfeÆK wm«-v-! evÓ|evqb KGib | cÉwZÓxvbwUi gybvvd wbA²gyLx | %oi...c cwiwÓwZGZ dvwng %YvicÉvBGRi KgÆxiv PvKwi ZÁvM KGi cvk¼ÆEzÆx %obvg %YvicÉvBGR ^hvM^vGbi K^v fveGQ | ^mLvGb wm«-v-! MÈnGY KgÆxG^i gZvgZ I AskMÈnYGK ài,Z¼ ^qv nq | dGj cÉwZÓxvbwUi D²²qb e^w«-cvGæQ |
- K. ^bzZ½ Kx? 1
 L. %KRb ^bzvi ^fi^wkÆZv ^vKGZ nq ^Kb? 2
 M. dvwng %YvicÉvBGRi eÅeÕ@vcbv cwiPvjK KgÆxG^i Dci ^Kvb aiGbi ^bzZ½ cÉGqvM KGi ^vGKb? eÅvLÁv KGiv | 3
 N. %obvg %YvicÉvBGRi wm«-v-! MÈnGY KgÆxG^i gZvgZ ài,Z¼ ^lqv cÉwZÓxvGbi D²²qb I gybvvd e^w«-^cgGQ@ gfjÅvqb KGiv | 4

উত্তর নির্দেশনা

১. Diiçò eBGqi 333 c†Óxvi 35 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ২. Diiçò eBGqi 235 c†Óxvi 24 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৩. Diiçò eBGqi 283 c†Óxvi 35 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৪. Diiçò eBGqi 370 c†Óxvi 4 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৫. Diiçò eBGqi 335 c†Óxvi 38 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৬. Diiçò eBGqi 280 c†Óxvi 30 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৭. Diiçò eBGqi 308 c†Óxvi 32 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৮. Diiçò eBGqi 246 c†Óxvi 13 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ৯. Diiçò eBGqi 452 c†Óxvi 33 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ১০. Diiçò eBGqi 400 c†Óxvi 13 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |
 ১১. Diiçò eBGqi 348 c†Óxvi 15 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓieÁ |

৩৩. চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্ড্রকলেজ


বিষয় কোড: ২ ৭ ৮

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৭০

১. ▶



- ক. বিকেন্দ্রীকরণ কী? ১
 খ. ব্যবস্থাপনা কী একটি পেশা? ব্যাখ্যা করো। ২
 গ. উদ্বীপকের 'খ' উলিচ্চযিত স্থানে ব্যবস্থাপনার কোন কাজ রয়েছে? তা ব্যাখ্যা করো। ৩
 ঘ. উদ্বীপকের উলিচ্চযিত 'ক' চক্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ। বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪


২. ▶ আলভা লি. একটি রপ্তানিমুখী সিরামিক কারখানা। তাদের প্রতিষ্ঠানের কর্মীরা একই সময়ে ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন করতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছে। এছাড়া উর্ধ্বতন কর্মকর্তাদের কর্মভার বেশি হওয়ায় সিদ্ধান্ত গ্রহণের সময়ক্ষেপণ হচ্ছে।
- ক. টেলি কনফারেন্স কী? ১
 খ. নিয়ন্ত্রণকে পরবর্তী পরিকল্পনার ভিত্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
 গ. প্রতিষ্ঠানের কর্মীদের ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন ব্যবস্থাপনায় কোন নীতির লঙ্ঘন? ব্যাখ্যা করো। ৩
 ঘ. উলিচ্চযিত পরিস্থিতিতে উর্ধ্বতন ব্যবস্থাপকদের করণীয় কী? তোমার মতামত দাও। ৪
৩. ▶ জনাব করিম একটি পোশাক শিল্পের ব্যবস্থাপনা পরিচালক। তিনি ২০১৩ সালের ডিসেম্বরে ২০১৪ সালের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন এবং সফলতাও পান। তাই ২০১৪ সালের ডিসেম্বরে ২০১৫ এবং ২০১৬ সালের উৎপাদন লক্ষ্যমাত্রা



নির্ধারণ করেন। কিন্তু তদারকিজনিত সমস্যার কারণে ঐ বছরগুলোতে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

- ক. সামগ্রিক পরিকল্পনা কী? ১
খ. লক্ষ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব করিম ২০১৩ সালে যে পরিকল্পনা প্রণয়ন করেন তা কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবস্থাপনার কোন প্রক্রিয়ার উপর জোর দেয়নি বলে জনাব করিমের পরের বছরের পরিকল্পনা সফল হয়নি বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

8.▶



- ক. ম্যাট্রিক্স সংগঠন কী? ১
খ. প্রেষণার সাথে কর্মীর মনোবলের সম্পর্ক কী? ব্যাখ্যা করো। ২
গ. উপরের চিত্রে উলিখিত সংগঠনটি কোন ধরনের? বর্ণনা করো। ৩
ঘ. চিত্রে উলিখিত সংগঠনটি ক্ষুদ্র ও মাঝারি আকারের প্রতিষ্ঠানের উপযুক্ততা পেলেও বৃহদায়তন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপযোগী নয়— বিশেষত্ব করে। ৪

৫.▶ জনাব মাসুদ উদ্দীন চৌধুরী 'কোডেক' এনজিও প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের নিচের স্কেলের মাঠকর্মী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করেন। তবে প্রতিষ্ঠানের মধ্য ও উচ্চ পর্যায়ের নির্বাহী নিয়োগে তিনি প্রতিষ্ঠানে কর্মরত কর্মীদের প্রাধান্য দেন। এক্ষেত্রে কারণ ও বয়স ও চাকরিকাল বিবেচনা করতে তিনি নারাজ।

- ক. সংগঠন কী? ১
খ. পদোন্নতি ও পদাবনতির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মাসুদ উদ্দীন চৌধুরী 'কোডেক' এনজিওতে কর্মী সংগ্রহের ক্ষেত্রে কোন উৎস ব্যবহার করেন? তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে মাসুদ উদ্দীন চৌধুরী পদোন্নতি প্রদানের ক্ষেত্রে যে পদ্ধতি ব্যবহার করেন তার যথার্থতা বিশেষত্ব করে। ৪

৬.▶ মি. শামীম তার প্রতিষ্ঠানের কর্মচারীদের আদেশ-নির্দেশ প্রদানের পূর্বে বাস্‌ড বায়নকারী কর্মকর্তা-কর্মচারীদের সাথে পরামর্শ করে বিভিন্ন সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এতে তার প্রতিষ্ঠানটি শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করে থাকে। অপরদিকে মি. জসিম সবসময় কর্মচারীরা যা বলে বা যেভাবে পরামর্শ দেয় ও কাজ করতে চায় সেভাবে তাদের কাজ করতে দেন। সিদ্ধান্তে ব্যাপারে তিনি থাকেন নির্লিপ্ত। এতে লক্ষ্যমাত্রা অর্জনে সবসময় তার প্রতিষ্ঠান পিছিয়ে থাকে।

- ক. নেতৃত্ব কী? ১
খ. "নির্দেশনা সর্বদাই নিচের দিকে প্রবাহিত হয়"— ব্যাখ্যা করো। ২
গ. মি. জসীম-এর প্রতিষ্ঠানের নির্দেশনার ধরন কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. জসীম-এর নির্দেশনার ধরনের চেয়ে মি. শামীম-এর ধরন উত্তম— তোমার মতামত দাও। ৪

৭.▶ মি. শিবলু বি. এস গ্রুপের উৎপাদন ব্যবস্থাপক হিসেবে নিয়োগপ্রাপ্ত হন। তার প্রতিষ্ঠানের কর্মীদের ভাল বেতন, চাকরি নিরাপত্তা ও সৃষ্টি কার্যপরিবেশ নিশ্চিত করা সত্ত্বেও তাঁর মনে হয় কর্মীরা সন্তুষ্ট নন। তিনি কর্মীদের সাথে আলোচনা করে জানতে পারলেন যে, প্রতিষ্ঠানের সৃজনশীলতাকে উৎসাহিত করা হয় না, সফলতার স্বীকৃতি এবং ব্যক্তিক উন্নয়নের বিশেষ সুযোগ নেই। তিনি বিষয়টিকে খুব গুরুত্বের সাথে বিবেচনা করছেন।

- ক. চাহিদা সোপান তত্ত্বের প্রবর্তক কে? ১
খ. প্রেষণা চক্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে প্রেষণার কোন তত্ত্বের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে কর্মীদের প্রেষিত না হওয়ার কারণটি মি. শিবলুর গুরুত্বের সাথে বিবেচনা করার যৌক্তিকতা বিশেষত্ব করে। ৪

৮.▶ মি. ইকবাল যোগাযোগে ইলেকট্রনিক প্রযুক্তিকে সবসময় অগ্রাধিকার দেন। তিনি তার বিভিন্ন ব্যবসায়িক পক্ষগুলোর সাথে ইন্টারনেট প্রযুক্তির সাহায্যে নিজস্ব ওয়েব ঠিকানা ব্যবহার করে তথ্য আদান-প্রদান করেন। ইদানীং তিনি পণ্য আমদানি করার সিদ্ধান্ত নিয়েছেন। পণ্য আমদানিতে তিনি তার ওয়েব ঠিকানা kbal2015@gmail.com ব্যবহার করে সকল কাজ সম্পাদন করতে চান।

- ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. "পরিকল্পনা সর্বদাই ভবিষ্যৎমুখী"— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে ব্যবহৃত ইলেকট্রনিক যোগাযোগ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, মি. ইকবাল তার পছন্দমতো যোগাযোগ মাধ্যমে ব্যবহার করে আমদানি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে? যুক্তিসহ মতামত দাও। ৪

৯.▶ মি. অসীমের প্রতিষ্ঠানে সংগঠন কাঠামোতে কিছু অস্পষ্টতা থাকায় কোন কাজ কে করবে তা নিয়ে সমস্যা দেখা দেয়। কর্মীরা কে কার কাছ থেকে নির্দেশনা নিবে তা অস্পষ্ট। এতে প্রতিষ্ঠানে প্রতিনিয়ত বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। তিনি তাঁর বন্ধুর প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে দেখলেন সেখানে এ ধরনের সমস্যা নেই। কোনো সমস্যা হলে তারা একে অন্যের সাথে যোগাযোগ করে তা সমাধান করছে। এ নিয়ে উর্ধ্বতনকে তারা বিরক্ত করেন না।

- ক. ই-মেইল কী? ১
খ. সমন্বয়ে ভারসাম্যের নীতি বলতে কী বোঝায়? ২
গ. মি. অসীম সমন্বয়ের কোন নীতি অনুসরণ করেনি? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'প্রত্যক্ষ যোগাযোগ নীতি অনুসৃত হওয়ায় বন্ধুর প্রতিষ্ঠানে কোনো সমস্যা সৃষ্টি হয়নি'— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

১০.▶

১. কার্যক্ষম পরিমাপ	২. আদর্শমানের সাথে সম্পাদিত কাজের তুলনা	৩. বিচ্যুতি নিরূপণ ও মূল্যায়ন	৪. সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ।
---------------------	---	--------------------------------	-------------------------------

- ক. বাজেট কী? ১
খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিণ্ড বলা হয় কেন? ২
গ. উপরের রেখাচিত্রটি ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের সাথে সংগঠিতপূর্ণ বলে মনে হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উপরের রেখাচিত্রটি অসম্পূর্ণ এবং সে কারণেই অকার্যকর" — এ উক্তিটির যথার্থতা তোমার পাঠ্য বইয়ের আলোকে মূল্যায়ন করো। ৪

১১.▶ "প্যারাগন কোম্পানি লি." ৬ মাসের প্রশিক্ষণ প্রদানের পর প্রতিষ্ঠানেই কর্মক্ষেত্রে ৫ বছর চাকরির শর্তে কিছু কর্মী নিয়োগ দেয়। অপরদিকে প্রতিষ্ঠানের ব্যবস্থাপকদের মান উন্নয়নে লক্ষ্যে পূর্বনির্ধারিত আলোচনার মাধ্যমে প্রশ্নোত্তর প্রক্রিয়ায় সমস্যা সমাধান করার প্রশিক্ষণ পদ্ধতি চালু করে।

- ক. পদ আবর্তন কী? ১
খ. কর্মী সংস্থান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. "প্যারাগন কোম্পানি লি." এর কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতি কীরূপ ছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উলিখিত প্রতিষ্ঠানটি ব্যবস্থাপকদের জন্য যে প্রশিক্ষণ পদ্ধতি চালু করেছে তা কী যথার্থ? তোমার মতামত তুলে ধরো। ৪

উত্তর নির্দেশনা

১. Diicò eBGqi 235 c†Órvi 23 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ] ৫. Diicò eBGqi 334 c†Órvi 36 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ] ৯. Diicò eBGqi 430 c†Órvi 28 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ] ১০. Diicò eBGqi 451 c†Órvi 32 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ] ১১. Diicò eBGqi 334 c†Órvi 37 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ]

৩৪. জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড: ২ ৭ ৮

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৭০

১.▶ দৃশ্যকল্প-১: আদুস সালাম একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ প্রণয়ন ও বাস্তবায়ন করে থাকেন। তবে প্রতিষ্ঠানের কিছু কম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিষ্পত্তি কর্মকর্তার মাধ্যমে গৃহীত হয়।

দৃশ্যকল্প-২: আবুল কালাম অন্য একটি বহুজাতিক কোম্পানির চেয়ারম্যান। সিদ্ধান্ত প্রণয়নের ক্ষেত্রে তিনি নিজ স্বার্থকে গুরুত্ব সহকারে বিবেচনা করেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের অন্যান্য সদস্যের সুবিধা-অসুবিধার বিষয় তিনি অগ্রাহ্য করেন।

- ক. ব্যবস্থাপনা নীতি কী? ১
খ. এফ ডিবিগিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-২-এ হেনরি ফেওলের কোন নীতিটি অনুপস্থিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উভয় প্রতিষ্ঠানের মধ্যে হেনরি ফেওলের কোন নীতির সাদৃশ্য রয়েছে? বিশেষত্ব করে। ৪

২. ▶ প্রতিষ্ঠানের পরিকল্পনা ও সিদ্ধান্ত মার্চ পর্যায়ে বাস্তবায়ন করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জনাব তানভির আহমদ। দীর্ঘদিন প্রতিষ্ঠানে কাজ করে তিনি প্রতিষ্ঠানের উদ্দেশ্য সম্পর্কে অনেকটাই দক্ষ। তত্ত্বাবধানের পাশাপাশি তিনি কারখানার যন্ত্রপাতিগুলোর সঠিক পরিচালনা নিয়ন্ত্রণ করেন। কিন্তু আধুনিক কম্পিউটার প্রযুক্তিসম্পন্ন স্বয়ংক্রিয় যন্ত্রপাতি যুক্ত হওয়ায় সঠিকভাবে পরিচালনা করা তার জন্য কষ্টসাধ্য হয়ে পড়েছে।
- ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কী? 1
খ. ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের উপকরণাদির সূষ্ঠা ব্যবস্থা নিশ্চিত করে কীভাবে? 2
গ. জনাব তানভির আহমদ কোন স্ফুরের ব্যবস্থাপক? ব্যাখ্যা করো। 3
ঘ. ব্যক্তিগত সমস্যা নিরসনে জনাব তানভিরকে কোন ব্যবস্থাপকীয় দক্ষতার উন্নয়ন করা প্রয়োজন? বিশেষত্বগুলো কী? 4
৩. ▶ ইছামতি জুট মিলস তিন বছর সময় বিবেচনা নিয়ে একটি বিক্রয় পরিকল্পনা প্রণয়ন করেছেন। পরিকল্পনা অনুসারে প্রথম দুই বছর বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কিন্তু তৃতীয় বছরে এসে প্রতিযোগীদের কৌশলের কাছে তারা পেয়ে উঠতে পারেননি। প্রতিযোগী প্রতিষ্ঠান অল্প দামে ভালো পাট ক্রেতাদের কাছে বিক্রয় করতে সক্ষম হচ্ছে। পরিকল্পনার পরিবর্তনের সুযোগ না থাকায় তৃতীয় বছরের ক্ষতি প্রথম দুই বছরের মুনাফায় প্রভাব ফেলে।
- ক. লক্ষ্য কী? 1
খ. পরিকল্পনাকে কেন চিন্তা মনন প্রক্রিয়া বলা হয়? 2
গ. উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। 3
ঘ. উদ্দীপকের পরিকল্পনায় আদর্শ পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের অভাবে এরূপ পরিস্থিতি সৃষ্টি হয়েছে? বিশেষত্বগুলো কী? 4
৪. ▶ শরমিতা গার্মেন্টস অক্টোবর মাসে ১ লক্ষ পিস সোয়েটার তৈরির পরিকল্পনা গ্রহণ করেছেন। সে লক্ষ্যেই প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি এবং অন্যান্য দ্রব্যের আয়োজন করা হয়েছে। মাসের ১০ তারিখ আরমান সাহেবের পর্যবেক্ষণে ধরা পড়লো, এ পর্যন্ত ১৫,০০০ পিস পণ্য উৎপাদিত হয়েছে। তিনি কাজের গতি নিয়ে অসন্তুষ্ট এবং এর কারণ বের করার চেষ্টা করছেন। ভবিষ্যতে যাতে এ ধরনের কোনো বিঘ্ন না থাকে তা সংশোধনের ব্যবস্থা নিলেন। এক্ষেত্রে দক্ষ জনবল বৃদ্ধি এবং আধুনিক যন্ত্রপাতি স্থাপনের ওপর জোর দিলেন।
- ক. BEP কী? 1
খ. দলীয় প্রচেষ্টা এগিয়ে নিতে সমন্বয়ের প্রয়োজন কেন? 2
গ. উদ্দীপকে জনাব আরমান সাহেব ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের সঙ্গে সম্পৃক্ত? ব্যাখ্যা করো। 3
ঘ. গৃহীত পদক্ষেপ এরূপ সমস্যা সমাধানে কতটুকু সহায়ক ভূমিকা পালন করবে বলে তুমি মনে করো? তোমার মতামত তুলে ধরো। 4
৫. ▶ প্রতিষ্ঠানের প্রধান ব্যবস্থাপক জনাব মুহিতকে একটা চলমান বড় নতুন প্রজেক্টের দায়িত্ব দিলেন। তাকে বলা হলো তুমি প্রথমে বিভিন্ন বিভাগ-উপবিভাগের কাজগুলো ভাগ করে কর্তৃত্বের প্রবাহ রেখা কী হবে তা নির্দেশ করবে এবং বিভিন্ন পর্যায়ে কর্মরত নির্বাহীদের মধ্যে সম্পর্কের রূপরেখা নির্দিষ্ট করবে। তুমি থাকবে ব্যবস্থাপনা পরিচালক। জনাব মুহিত ভাবছেন একজন সাধারণ ব্যবস্থাপক রাখবেন এবং উৎপাদন ও বিক্রয় বিভাগের বিভাগীয় ব্যবস্থাপকদের অধীনে একজন করে সহকারী ব্যবস্থাপক দেবেন।
- ক. কমিটি কী? 1
খ. সংগঠন প্রক্রিয়ায় পারস্পরিক সম্পর্ক নির্ধারণ প্রয়োজন কেন? 2
গ. জনাব মুহিত নির্দেশনা অনুযায়ী যে সম্পর্কের রূপরেখা গড়ে তুলবেন তা কীসের নির্দেশক? ব্যাখ্যা করো। 3
ঘ. এ ধরনের কাজ প্রতিষ্ঠানের ব্যয় হ্রাসের ক্ষেত্রে কী ধরনের ভূমিকা রাখে? বিশেষত্বগুলো কী? 4
৬. ▶ বেগম হোসনে আরা একজন বড় শিল্পপতি। দেশের বিভিন্ন স্থানে তার বেশ কয়েকটি শিল্পকারখানা রয়েছে। তিনি অত্যন্ত উন্নত মানসম্পন্ন জীবনযাপনে অভ্যস্ত। ইদানীং তিনি বিভিন্ন সমাজসেবামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করেন। বিভিন্ন রাজনৈতিক ও রাষ্ট্রীয় উচ্চপদস্থ ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ রক্ষা করেন। বিভিন্ন জায়গায় সভা-সমাবেশ এ অংশগ্রহণ করেন। নিজ এলাকায় কিছু জনকল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপন করতে চান।
- ক. আর্থিক প্রেষণা কী? 1
খ. প্রেষণা কীভাবে শ্রমঘূর্ণায়মানতা হ্রাস করে? 2
গ. বেগম হোসনে আরা ম্যাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন স্ফুরে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। 3

৭. বেগম হোসনে আরা জনকল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপনে কী ধরনের ক্ষেত্র সুপারিশ করবে? 8
৯. ▶ ঘটনা-১: শরীফ গার্মেন্টস-এ প্রায় ১০০০ কর্মী কাজ করেন। তাদের দিয়ে সর্বদা জোর করে কাজ করিয়ে নিতে হয়। এতে কোম্পানির উৎপাদনের মাত্রা ব্যাপকভাবে কমে যাওয়ায় লোকসান হচ্ছে।
- ঘটনা-২: জনাব শিহাব উদ্দিন একটি প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ। তিনি সর্বদা কর্মীদের কল্যাণের কথাই ভাবেন। কর্মীদের মাঝে অসন্তোষ বেড়ে যায় এবং উৎপাদন হ্রাস পায়। তিনি সিদ্ধান্ত নিয়েছেন কর্মীদের মতের মূল্যায়ন করবেন।
- ক. নেতা কে? 1
খ. গণতান্ত্রিক নেতৃত্ব উত্তম কেন? 2
গ. জনাব শিহাব উদ্দিন তার প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করছেন? ব্যাখ্যা করো। 3
ঘ. উভয় প্রতিষ্ঠানের নেতৃত্বের ধরন মূল্যায়ন করো। 4
৮. ▶ 'ক' লিমিটেড একটি বৃহৎ সুগার মিল। অসুস্থতাজনিত কারণে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক চাকরি থেকে অবসর নেন। প্রতিষ্ঠানে কর্মরত ৫৫ বছর বয়সী জনাব মাহবুব গত ২ বছর সেবা সহ-ব্যবস্থাপক নির্বাচিত হয়েছেন। তবে ৬০ বছর বয়সী জনাব নূর ইসলামকে ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দেওয়া হয়। এদিকে বাজারে প্রচুর চাহিদা থাকা সত্ত্বেও বিদ্যুৎ বিভ্রাটের কারণে প্রতিষ্ঠানের উৎপাদন ব্যাহত হচ্ছে। এ সমস্যা সমাধানে কর্তৃপক্ষ একটি বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণ করেন এবং সার্বিক তদারকির জন্য একজন বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগের চিন্তা করছেন।
- ক. পরিকল্পনা কী? 1
খ. প্রশিক্ষণ কেন প্রদান করা হয়? বুঝিয়ে লেখো। 2
গ. প্রতিষ্ঠানে পদোন্নতির কোন ভিত্তি অনুসরণ করা হয়? ব্যাখ্যা করো। 3
ঘ. প্রতিষ্ঠানে বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগে কর্মী সংগ্রহের কোন উৎস ব্যবহার যুক্তিযুক্ত? বিশেষত্বগুলো কী? 4
৯. ▶ সুরমা লিমিটেড ঢাকা শহরের একটি প্রতিষ্ঠিত আবাসিক হোটেল। প্রতিষ্ঠানের বিভাগীয় ব্যবস্থাপকগণ সহজেই একে অন্যের সাথে যোগাযোগ করেন। এক বিভাগের ব্যবস্থাপক প্রয়োজনে অন্য বিভাগের অধীন কর্মকর্তাদের সাথেও সহজেই যোগাযোগ করে থাকে। কিন্তু বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের সময় জেনারেল ম্যানেজার জনাব আহবাব নিজেই সম্পন্ন করেন। এতে প্রতিষ্ঠানগুলো তার কথাকে গুরুত্ব দেয়। অন্য প্রতিষ্ঠানের সাথে তার নিজের সম্পর্ক গড়ে ওঠায় প্রতিষ্ঠান চালাতে তার সুবিধা হচ্ছে।
- ক. ফলাবর্তন কী? 1
খ. টেলিভিশনে প্রচারিত বিজ্ঞাপন কোন ধরনের যোগাযোগ? বুঝিয়ে লেখো। 2
গ. পক্ষসমূহের অংশগ্রহণের ভিত্তিতে উদ্দীপকের যোগাযোগ কোন ধরনের? ব্যাখ্যা করো। 3
ঘ. জেনারেল ম্যানেজারের যোগাযোগ কোন ধরনের প্রতিবন্ধকতা তৈরি করতে পারে? বিশেষত্বগুলো কী? 4
১০. ▶ খুলনা শহরের সুপ্রতিষ্ঠিত কাগজ কলের কর্মীরা খুলনা এবং এর পার্শ্ববর্তী এলাকায় বসবাস করেন। খুলনা শহরে বাড়ি ভাড়া খুবই চড়া। মাস শেষে এসব কর্মী যে বেতন পান তা দিয়ে সংসার চালানো খুবই সমস্যা হয়। প্রতিষ্ঠানের মালিক নাসির সাহেব বিষয়টি বোঝাতে পারেন এবং কর্মীদের প্রেষণাদানের লক্ষ্যে এক আনন্দ ভ্রমণের আয়োজন করেন। পরবর্তী সপ্তাহে নাসির সাহেব লক্ষ করেন এতে কর্মীদের মনোভাবের তেমন কোনো পরিবর্তন হয়নি।
- ক. শ্রম ঘূর্ণায়মানতা কী? 1
খ. প্রেষণা চক্র উদ্দীপক শনাক্তকরণ বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। 2
গ. উদ্দীপকে গৃহীত প্রেষণা কোন ধরনের? ব্যাখ্যা করো। 3
ঘ. উদ্দীপকে সৃষ্ট পরিস্থিতি নিয়ন্ত্রণে তুমি কোন ধরনের প্রেষণা দান পদ্ধতির সুপারিশ করবে? বিবরণ দাও। 4
১১. ▶ জনাব আহসান হাবিব পূর্ব থেকে মূলধন ও ব্যয় সম্পর্কে সম্যক ধারণা না নিয়ে একটি রেস্টুরেন্ট স্থাপন করেন। রেস্টুরেন্ট চালু হওয়ার শুরুতেই তিনি আর্থিক সংকটে পড়েন। বন্ধ-বান্ধবের সহায়তায় তিনি নতুনভাবে মূলধন বিনিয়োগ করেন ও তদারকি বাড়িয়ে রেস্টুরেন্ট সচল করার চিন্তা করছেন।
- ক. সামগ্রিক পরিকল্পনা কী? 1
খ. পরিকল্পনায় কেন আড়িনা স্থাপন জরুরি? 2
গ. জনাব আহসান হাবিবের রেস্টুরেন্ট ব্যবসায় স্থাপনে পরিকল্পনার কোন ধাপটি অনুসরণ করা হয়নি? ব্যাখ্যা করো। 3
ঘ. জনাব আহসান হাবিব কী পদক্ষেপ গ্রহণ করে সফলতার মুখ দেখতে পারেন বলে তুমি মনে করো? মতামত দাও। 4

উত্তর নির্দেশনা

১. Diicò eBGqi 256 c†Óxvi 30 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ৫. Diicò eBGqi 309 c†Óxvi 34 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ৯. Diicò eBGqi 410 c†Óxvi 31 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ |
২. Diicò eBGqi 236 c†Óxvi 25 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ৬. Diicò eBGqi 385 c†Óxvi 30 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ১০. Diicò eBGqi 385 c†Óxvi 31 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ |
৩. Diicò eBGqi 284 c†Óxvi 37 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ৭. Diicò eBGqi 361 c†Óxvi 38 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ১১. Diicò eBGqi 283 c†Óxvi 36 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ |
৪. Diicò eBGqi 452 c†Óxvi 34 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ | ৮. Diicò eBGqi 335 c†Óxvi 39 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ |

৩৫. যশোর সরকারি মহিলা কলেজ

বিষয় কোড: ২ ৭ ৮

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৭০

১.► মিসেস রওশন একটি স্টিল মিলে কর্মরত আছেন। তিনি ২০১৩ সালের শুরুতে প্রতিষ্ঠানের পুঁজি সরবরাহকারী ও গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের একটি যৌথ সভায় অংশগ্রহণ করেন। ২০১৩ সালের জন্য উৎপাদন লক্ষ্যমাত্রা ১ লক্ষ টন নির্ধারণ করার প্রস্তুত করেন। এ অর্জনের জন্য নতুন ৫০ জন কর্মী নিয়োগ করার জন্য তিনি কর্মী ব্যবস্থাপককে নির্দেশ দেন। উৎপাদন ও বিপণনকার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মিসেস রওশন প্রতিষ্ঠানে উৎপাদন, বিপণন, ক্রয়, অর্থ ও হিসাব বিভাগ নামে চারটি বিভাগ প্রতিষ্ঠা করেন। স্ব-স্ব বিভাগীয় কর্মীরা ঐ বিভাগের প্রধান কর্তৃক প্রদত্ত আদেশ পালন করে এবং তার নিকট জবাবদিহি করে। প্রতিষ্ঠানটি ২০১৩ সালে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়।

ক. বিকেন্দ্রীকরণ কী? ১
খ. ব্যবস্থাপনাকে কি পেশা বলা যায়? ব্যাখ্যা করো। ২
গ. মিসেস রওশন কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো উদ্দীপকের প্রতিষ্ঠানটি কার্যবিভাজনের নীতি যথাযথভাবে অনুসরণের কারণে সফলতা পেয়েছে? যুক্তিসহ মতামত দাও। ৪

২.► ‘মুন গার্মেন্টস’ ফ্যাক্টরিতে রাফি ও নাদিম একই পদে কর্মরত দুজন কর্মী। তাদের বস রহিম। জনাব আলী হোসেন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা। একদিন রাফি ও নাদিমের বিরোধ দেখা দেওয়ায় নাদিমের বিরুদ্ধে রাফি জনাব আলী হোসেনের কাছে অভিযোগ করেন। তিনি রাফির ওপর চোখ রাঙিয়ে ডেকে তার অধস্তন কর্মীদের নিয়ম-কানুন শেখানোর নির্দেশ দেন।

ক. বিকেন্দ্রীকরণ কী? ১
খ. ব্যবস্থাপনা নির্দেশনার ঐক্য নীতি গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ‘মুন গার্মেন্টস’ ফ্যাক্টরিতে ব্যবস্থাপনার কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্মকর্তার ভূমিকা কি সঠিক ছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে ব্যাখ্যা করো। ৪

৩.► PQS সফট ড্রিংকস লিমিটেড জার্মানিভিত্তিক একটি বহুজাতিক কোম্পানি। প্রতিষ্ঠানটি বাংলাদেশে বাজার সম্প্রসারণ করার লক্ষ্যে পৃথক পরিকল্পনা প্রণয়ন করে। এদেশের অধিকাংশ জনসংখ্যা মুসলিম এবং উন্নয়নশীল দেশ হওয়ায় প্রতিষ্ঠানটি সহজেই সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে।

ক. অনানুষ্ঠানিক নেতৃত্ব কী? ১
খ. প্রেষণার দ্বি-উপাদান তত্ত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি বাংলাদেশের জন্য কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেছে? বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, উদ্দীপকের বর্ণিত প্রতিষ্ঠানটি পরিকল্পনার আড়িনা নির্ধারণ করতে পেরেছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৪.► জনাব নাসরিন একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। এতদিন প্রতিষ্ঠানের সকল সিদ্ধান্ত তিনি একাই গ্রহণ করলেও বর্তমানে প্রতিষ্ঠান বড় হওয়ায় এবং কাজের জটিলতা বৃদ্ধি পাওয়ায় সাংগঠনিক অবস্থার উন্নতির জন্য সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত নিলেন। বিভিন্ন বিভাগে ব্যবস্থাপক নিয়োগ দিলেন। এতে জনাব নাসরিনের কাজের চাপ কমান পাশাপাশি প্রতিষ্ঠানের শৃঙ্খলা বৃদ্ধি পেতে লাগল।

ক. সংগঠন কী? ১
খ. ম্যাট্রিক্স সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. জনাব নাসরিনের প্রতিষ্ঠানে প্রথমে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব নাসরিনের প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো পরিবর্তনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫.► “সিরাজ ট্রেডিং এন্টারপ্রাইজের” উৎপাদন বিভাগের বিভাগীয় ব্যবস্থাপকের শূন্যপদ পূরণের জন্য প্রতিষ্ঠানটি সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে একজন দক্ষ ব্যবস্থাপক নিয়োগ দেয়। কিন্তু ব্যবস্থাপক যোগদানের সময় উক্ত বিভাগের কর্মীদের ক্ষোভ ও অসন্তোষের সম্মুখীন হয়।

ক. কর্মসংস্থান কী? ১
খ. মানবসম্পদ বলতে কী বোঝায়? ২
গ. সিরাজ ট্রেডিং কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সিরাজ ট্রেডিং কোম্পানির অধস্তন কর্মীদের অসন্তোষ ও ক্ষোভের সম্ভাব্য কারণ বিশ্লেষণ করো। ৪

৬.► মি. মোহাম্মদ একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তার কোম্পানিতে উৎপাদন মাত্রা কীভাবে বৃদ্ধি করা যায় তা নিয়ে আলোচনার জন্য একটি সভার আহ্বান করলেন। সেখানে উৎপাদনকার্যে নিয়োজিত সকলেই উপস্থিত ছিল। তাদের সাথে আলাপ-আলোচনার প্রেক্ষিতে কিছু সিদ্ধান্ত গ্রহণ করলেন। অল্প সময়ের মধ্যেই তিনি ইতিবাচক ফলাফল লক্ষ্য করলেন।

ক. নির্দেশনা বলতে কী বোঝায়? ১
খ. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ধরনের নির্দেশনা সম্পর্কে বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে গৃহীত নির্দেশনা কৌশল সকল প্রতিষ্ঠানের সবসময় সুফল বয়ে আনবে কোনো নিশ্চয়তা নেই-এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৭.► আবাহন লি. কোম্পানি একটি আন্তর্জাতিক মানের ঔষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের ব্যাপারে খুবই যত্নশীল। প্রতিষ্ঠানটি কর্মীদের শিক্ষা, চিকিৎসা ও বাসস্থানের নানাবিধ সুবিধা দিয়ে থাকে। কিন্তু কর্মীরা সমসময় চাকরির নিরাপত্তাজনিত অনিশ্চয়তায়ে ভোগে। যার কারণে ভালো সুযোগ-সুবিধা থাকার পরও কর্মীদের মধ্যে প্রতিষ্ঠান ছেড়ে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। বিষয়টি নিয়ে আবাহন লি. কোম্পানি তার কর্মীদের সাথে আলাপ-আলোচনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. প্রেষণার ভিত্তি কী? ১
খ. হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্বের রক্ষণাবেক্ষণ উপাদান বলতে কী বোঝায়? ২
গ. আবাহন লি. কর্মীদের কী ধরনের প্রেষণা প্রদান করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. কী ব্যবস্থা গ্রহণ করলে আবাহন লি.-এর প্রতি কর্মীদের আকর্ষিত করা যাবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৮.► মি. আদিব ও মি. সাকিব আন্তর্জাতিক বাণিজ্যের সাথে জড়িত। তাঁরা গার্মেন্টস সামগ্রীর রপ্তানি ও যন্ত্র সামগ্রী আমদানি করেন। নিজেদের কর্মীদের সাথে প্রতিষ্ঠানটি যেকোনো পরমর্শ ভিডিও কনফারেন্স ও অডিও কনফারেন্স প্রযুক্তির মাধ্যমে গ্রহণ করে। বিদেশি ব্যবসায়ীর সাথে প্রয়োজনে তারা তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ব্যবহার করেন।

ক. যোগাযোগ প্রক্রিয়া কী? ১
খ. ফলাবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানের নিজেদের কর্মীদের মধ্যে কোন ধরনের আক্ষরিক/শাব্দিক যোগাযোগ সংঘটিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বিদেশি ব্যবসায়ীদের সাথে তথ্য আদান-প্রদানে ব্যবহৃত যোগাযোগ পদ্ধতির ধরন উল্লেখপূর্বক গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৯.► জনাব ইকবাল একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি পরিকল্পনা অনুযায়ী প্রতিষ্ঠানের কাজ পরিচালনা করেন এবং প্রতিটি বিভাগ ও কর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করেন। কর্মীদের মধ্যে সুসম্পর্ক না থাকায় কাজের পরিমাণ পণ্য উৎপাদন ও বিক্রয় সম্ভব হচ্ছে না।

ক. সমন্বয় কী? ১
খ. নির্দেশনা সর্বদা নিচের দিকে প্রবাহিত হয়- ব্যাখ্যা করো। ২
গ. জনাব ইকবাল তার প্রতিষ্ঠানের সমন্বয়ের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে সৃষ্ট সমস্যা থেকে পরিত্রাণ পেতে জনাব ইকবালের কোন ধরনের পদক্ষেপ গ্রহণ বাঞ্ছনীয়? মতামত দাও। ৪

১০.► ম্যান্স কনস্ট্রাকশন কোং ২০১৩ সালের ১ জানুয়ারি চট্টগ্রামে একটি ফ্লাইওভার তৈরির কাজ শুরু করে। ফ্লাইওভারটি ২০১৬ সালের ৩১ ডিসেম্বর শেষ করার কথা থাকলেও ২০১৪ সালের ৩১ ডিসেম্বর দেখা যায় যে, ফ্লাইওভারটির মাত্র ৩৫ শতাংশ কাজ শেষ হয়েছে। কাজের পরিমাণ লক্ষ্যমাত্রার চেয়ে কম হওয়ায় প্রকল্প ব্যবস্থাপক তার কারণ উদ্ঘাটন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে ফ্লাইওভারটির কাজ সমাপ্ত করার লক্ষ্যে করণীয় ব্যবস্থা সম্পর্কে পরামর্শদানের জন্য একজন অভিজ্ঞ প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করেন। প্রকৌশলী লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হওয়ার জন্য দক্ষ শ্রমিক স্বল্পতা, কাঁচামালের অপর্যাপ্ততা, আধুনিক নির্মাণ সামগ্রীর অপ্রাপ্যতা, বর্ষাকালে নির্মাণ কাজের বিঘ্ন হওয়া ইত্যাদি বিভিন্ন বিষয় চিহ্নিত করে সুপারিশসহ প্রকল্প ব্যবস্থাপকের কাছে একটি প্রতিবেদন পেশ করেন।

ক. গ্যান্ট চার্ট কী? ১
খ. ‘নিয়ন্ত্রণ একটি অবিরত প্রক্রিয়া’-ব্যাখ্যা করো। ২
গ. “২০১৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ৩৫ শতাংশ কাজ শেষ হয়েছে”-কথাটি নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন কাজের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রকৌশলীর প্রতিবেদনটি যথাসময়ে প্রকল্পের কাজ শেষ করার ক্ষেত্রে কতটুকু ভূমিকা রাখবে বলে তুমি মনে করো? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

১১.► হামিদ কোং লি. একটি জুতা রপ্তানিকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রতিবছর জানুয়ারি মাসে সারা বছরের কর্মকর্তাদের বিশ্ভারিত পরিকল্পনা তৈরি করে। বিশ্বব্যাপী প্রতিযোগিতার ফলে তাদের পণ্য রপ্তানির পরিমাণ হ্রাস পাচ্ছে। হামিদ কোং লি. নতুন বাজার সৃষ্টির জন্য ইউরোপের বিভিন্ন দেশে পণ্য রপ্তানির চেষ্টা করছে। প্রতিষ্ঠানটি প্রচেষ্টার ফলে তাদের রপ্তানি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

ক. পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনাকে ব্যবস্থাপনার প্রাথমিক কাজ বলা হয় কেন? ২
গ. হামিদ কোং লি. কর্তৃক গৃহীত পরিকল্পনাটি কোন ধরনের? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত হামিদ কোং লি.-কে রপ্তানি বৃদ্ধি করতে হলে কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

উত্তর নির্দেশনা

১. Diiçò eBGqi 257 c†Óxvi 31 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

২. Diiçò eBGqi 258 c†Óxvi 32 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

৩. Diiçò eBGqi 284 c†Óxvi 38 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

৪. Diiçò eBGqi 309 c†Óxvi 35 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

৫. Diiçò eBGqi 320 c†Óxvi 10 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

৬. Diiçò eBGqi 361 c†Óxvi 39 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÁ|

৭. Diicò eBGqi 386 c†Óxvi 32 bÁ¼i m†Rbkxj cÉGk²vii ËÓieÁ	৯. Diicò eBGqi 422 c†Óxvi 13 bÁ¼i m†Rbkxj cÉGk²vii ËÓieÁ	১১. Diicò eBGqi 285 c†Óxvi 39 bÁ¼i m†Rbkxj cÉGk²vii ËÓieÁ
৮. Diicò eBGqi 410 c†Óxvi 32 bÁ¼i m†Rbkxj cÉGk²vii ËÓieÁ	১০. Diicò eBGqi 453 c†Óxvi 35 bÁ¼i m†Rbkxj cÉGk²vii ËÓieÁ	

৩৬. বরিশাল সরকারি মহিলা কলেজ

বিষয় কোড: ২ ৭ ৮

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৭০

১.►মি. আসিফ ইউনিভার্সিটির বাংলাদেশের একজন বিপণন কর্মকর্তা। চাকরির দুই বছর পর শ্রীলংকাতো দুই দিনের এক প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ পায়। প্রশিক্ষণটির বিষয় ছিলো- “বিপণনে মান নিশ্চিতকরণ”। কীভাবে মান বজায় রেখে বিপণন কাজ সম্পাদন করা যায় তাই নিয়ে দুইদিনে চারটি অধিবেশনে প্রশিক্ষণটি পরিচালনা করেন ইউনিভার্সিটির প্রশিক্ষণ এশিয়ার কোয়ালিটি অ্যাসুরেন্স বিভাগের প্রধান। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের ফলে আসিফ বিষয়টি সম্পর্কে সুস্পষ্ট দিকনির্দেশনা পেলেন। তাই সে নব উদ্যমে কাজ করার ইচ্ছা পোষণ করেন।

ক. কর্মী ব্যবস্থাপনা কী? ১
খ. গুরু পদানুষ্ঠান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মি. আসিফের প্রশিক্ষণ পদ্ধতিটি কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রশিক্ষণ কীভাবে নবতর চিন্তা-চেতনার উন্নয়ন ঘটায়? উদ্দীপকের আলোকে যৌক্তিক মূল্যায়ন করো। ৪

২.►রাইসু ফার্মা লি. একটি ছোট ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা পরিচালনা পর্যদের কাছে সংরক্ষণ করা হয়। মি. রেজা প্রতিষ্ঠানটির সহকারী বিক্রয় ব্যবস্থাপক। ছোটখাটো সিদ্ধান্ত নিতে গেলেও তাকে উপরের মহলের অনুমোদনের জন্য অপেক্ষা করতে হয়। সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ও অধিক আনুষ্ঠানিকতার কারণে প্রতিষ্ঠানটিতে এক ধরনের বিশৃঙ্খল অবস্থা বিরাজ করছে।

ক. হেনরি ফেলয় ব্যবস্থাপনা প্রক্রিয়ার কতটি কাজ নির্দিষ্ট করেন? ১
খ. ধারণাগত দক্ষতা বলতে কী বোঝায়? ২
গ. রাইসু ফার্মা লি. এ ব্যবস্থাপনার কোন নীতিটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. কীভাবে প্রতিষ্ঠানটিতে শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব বলে তুমি মনে করো? যৌক্তিক মতামত দাও। ৪

৩.►প্রযুক্তি দুনিয়ার অধিকাংশ মেধাবীর প্রথম পছন্দ গুগল কর্পোরেশন। গুগলের বিশাল হেডকোয়ার্টার আর তার কর্মপরিবেশ এক কথায় বলতে গেলে অসাধারণ। অংশগ্রহণের সাথে নির্বাহীর সম্পর্ক ও সহকর্মীদের সাথে সুসম্পর্ক সবাইকে একসূত্রে এখিত করে। তাছাড়া সেখানে কর্মীরা ব্যক্তিগত প্রয়োজনে যথেষ্ট সময় পেয়ে থাকেন। তাই তারা সন্তুষ্ট থাকেন। অন্যদিকে বাংলাদেশের গাজীপুরে একটি তৈরি পোশাক কারখানায় দুই মাস বেতন বকেয়া থাকায় শ্রমিকরা কর্মবিরতি দিয়ে আন্দোলন করছেন।

ক. অগ্রিম কী? ১
খ. প্রেষণা কীভাবে শ্রম ঘূর্ণায়মানতা হ্রাস করে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকটি দি-উপাদান তত্ত্বের কোন উপাদানের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘প্রেষণার ফল আচরণের মাধ্যম প্রকাশিত হয়’-উদ্দীপকের আলোকে যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

৪.►মি. মঈন একটি পরামর্শক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা। তিনি উচ্চ প্রযুক্তিসম্পন্ন ও একাধিক পণ্য উৎপাদনের লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠিত একটি নতুন কোম্পানির কাঠামো তৈরির জন্য দায়িত্বপ্রাপ্ত হন। মি. মঈন তার গবেষণা দলের সাথে একাধিক আলোচনার পর একটি কাঠামোর ধারণা তৈরি করলেন। যেহেতু প্রতিষ্ঠানটি উচ্চ প্রযুক্তিসম্পন্ন ও একাধিক পণ্য উৎপাদনকারী তাই তিনি প্রতিষ্ঠানটির কর্মীদের বিশেষ জ্ঞান ও দক্ষতা অর্জনের বিষয়টিকে বিবেচনায় নিয়ে কাঠামো তৈরি করলেন। এক্ষেত্রে তিনি প্রত্যেকটি পণ্যকে আলাদাভাবে গুরুত্ব দেওয়ার জন্য প্রকল্প ব্যবস্থাপক এবং প্রকল্প ব্যবস্থাপকদের সার্বিক সহযোগিতা করার জন্য কার্যিক ব্যবস্থাপকদের নিয়োগ দেওয়ার সুপারিশ করেন।

ক. বিভাগীয়করণ কী? ১
খ. “সরলরৈখিক সংগঠনে স্বৈরতন্ত্রের প্রতি ঝোক রয়েছে”- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির কাঠামো গঠনে সংগঠনের কোন নীতির প্রাধান্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো মি. মঈন প্রতিষ্ঠানটির সঠিক কাঠামো তৈরি করেছেন? যৌক্তিক মতামত দাও। ৪

৫.►বুশরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী। সে শ্রেণিকক্ষে ব্যবস্থাপনা সম্পর্কিত তাত্ত্বিক জ্ঞান অর্জনের পাশাপাশি মাঝে মাঝে বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন শিল্প-কারখানা পরিদর্শনের মাধ্যমে ব্যবস্থাপনার কাজগুলো কীভাবে বাস্তবের সম্পাদিত হয় তাও জানতে পারছে। তার উপলব্ধি হলো, ব্যবস্থাপনা শুধু একটি নির্দিষ্ট কাজ নয় বরং ধারাবাহিকভাবে সম্পাদিত কাজের সমষ্টি। এক্ষেত্রে একটি কাজের সাথে অন্য কাজের সম্পর্ক রয়েছে। বুশরা ব্যবস্থাপনা বিষয়ের উপর বি.বি.এ ও এম.বি.এ ডিগ্রি সম্পন্ন করে বহুজাতিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কর্মকর্তা হিসেবে কাজ করার স্বপ্ন দেখছে।

ক. তত্ত্বাবধায়ন পর্যায় কী? ১
খ. পদ্ধতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন বৈশিষ্ট্য ফুটে ওঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘বুশরার ক্ষেত্রে ব্যবস্থাপনা একটি পেশা হিসেবে বিবেচিত হবে’- উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৬.►মি. ফিরোজ পোশাক রপ্তানিকারক একটি প্রতিষ্ঠানের সুপারভাইজার। তার অধীনস্থ ৫০ জন শ্রমিকদের সে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে কাজ করিয়ে নেয়। মি. ফিরোজ শুধু নির্দেশনা দিয়ে ফ্লান্ড হন না বরং কাজগুলো যাতে সঠিকভাবে বাস্তবায়ন হয় তা নিজে দাঁড়িয়ে থেকে পর্যবেক্ষণ করেন। ফলে কর্মীরা তাদের কাজে যাতে ভুল

কম হয় সেদিকে নজর রাখেন। আর ভুল হয়ে গেলেও মি. ফিরোজ তা সংশোধন করে দেন।

ক. কোন নেতৃত্বের ক্ষেত্রে অংশগ্রহণের অবাধ স্বাধীনতা ভোগ করে? ১
খ. একজন নেতা কীভাবে কর্তৃত্ববান হন? ব্যাখ্যা করো। ২
গ. মি. ফিরোজের নির্দেশনার ধরন কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘কার্যকর নির্দেশনা কর্মীদের মান ও দক্ষতার উন্নয়ন ঘটায়’-তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যৌক্তিক মূল্যায়ন করো। ৪

৭.►ভূইয়া এ্যাপারেলস লি. ২০১৩ সালে ২০% উৎপাদন বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করেন। সে লক্ষ্য বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক সকল বিভাগীয় প্রধানদের কাছে পরিকল্পনা আহ্বান করেন। বিভাগীয় প্রধানগণ সুনির্দিষ্ট সুপারিশসহ তাদের প্রণীত পরিকল্পনা জমা দেন। পরবর্তীতে পরিচালনা পর্যদের এক সভায় সকল পরিকল্পনা একত্রিত করে তা বাস্তবায়নের জন্য সকল বিভাগকে নির্দেশ দেওয়া হয়।

ক. কৌশল কী? ১
খ. পরিকল্পনাকে ব্যবস্থাপনার দর্পণ বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. ভূইয়া এ্যাপারেলস লি. কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো ভূইয়া এ্যাপারেলস লি. একটি উত্তম পরিকল্পনা প্রণয়ন করেছে? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৮.►শালিপুর গ্রামের মানুষ দীর্ঘদিন একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অভাব বোধ করছেন। গ্রামের সকল শ্রেণির মানুষ বিষয়টি নিয়ে এত দিন কথা বললেও নিজেরা সংগঠিত হতে পারেনি। গ্রামের বয়োজ্যেষ্ঠ ব্যক্তি মি. ‘ক’ বিষয়টি উপলব্ধি করে এগিয়ে আসেন। তিনি তার প্রজ্ঞা দিয়ে সবাইকে বোঝাতে সক্ষম হন এবং সংগঠিত হওয়ার জন্য আহ্বান জানান। তার মতামতকে গুরুত্ব দিয়ে সবাই তার নির্দেশনা মেনে চলেন। অন্যদিকে ঢাকার ইউনিভার্সাল পাবলিকেশন্স’র ব্যবস্থাপনা পরিচালক যেকোনো সিদ্ধান্ত কর্মীদের সাথে আলোচনা করে গ্রহণ করেন। সম্ভ্রতি কর্মীদের দুপুরের খাবারের সমস্যা সমাধানের জন্য কর্মীদের প্রস্তুত অনুযায়ী প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ে একটি কেন্দ্র স্থাপন করেন যেখান থেকে কর্মীরা বিনামূল্যে খাবার গ্রহণ করতে পারবেন।

ক. কর্মীকেন্দ্রিক নেতৃত্ব কী? ১
খ. অঙ্গপূর্ণতার চাহিদা বলতে কী বোঝায়? ২
গ. মি. ‘ক’ কোন ধরনের নেতৃত্বের উদাহরণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো ইউনিভার্সাল পাবলিকেশন্স-এর কেন্দ্র স্থাপন শ্রমিকদেরকে ইতিবাচকভাবে প্রেরিত করবে? উদ্দীপকের আলোকে যৌক্তিক মতামত দাও। ৪

৯.►শাপলা কর্পোরেশন ২০১৬ সালে প্রণীত পরিকল্পনায় ১০,০০,০০০ ইউনিট ঊষধ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। কিন্তু বছর শেষে দেখা গেল প্রতিষ্ঠানটি মাত্র ৮,০০,০০০ ইউনিট ঊষধ উৎপাদন করেছে। তাই পরিচালনা পর্যদ এখন প্রতিষ্ঠানটির কার্য ফলাফলের বিশ্লেষণিত তথ্য উপাত্ত সংগ্রহ করে বিশ্লেষণের মাধ্যমে বিচ্যুতি নির্ধারণ এবং পরবর্তী সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশও করেছেন।

ক. BEP-এর পূর্ণরূপ কী? ১
খ. নিয়ন্ত্রণের ভবিষ্যৎ দর্শনের নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. শাপলা কর্পোরেশন কোন ধরনের নিয়ন্ত্রণ কৌশল অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ কার্য ব্যতিরেকে পরিকল্পনা বাস্তবায়ন অসম্ভব’-তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

১০.►মৌলি ফ্যাশনস লি. তাদের নির্বাহীদের জন্য প্রতি মাসে পাঁচ তারকা রেস্টুরেন্টে একটি ডিনারের আয়োজন করেন। ডিনারে সকল বিভাগের নির্বাহীগণ উপস্থিত থাকেন এবং তাদের মধ্যে একটি হৃদ্যতাপূর্ণ সম্পর্ক তৈরি হয়। পারস্পরিক আলোচনায় সবাই কাজের ক্ষেত্রে যার যার সমস্যা ও সম্ভাবনাগুলো সহজেই জানতে পারে। ফলে নির্বাহীদের মধ্যকার সম্পর্কের উন্নয়ন ঘটায় কারণে সমন্বয় সহজ হয়।

ক. CPM-এর পূর্ণরূপ কী? ১
খ. স্বতঃস্ফূর্ত সমন্বয় বলতে কী বোঝায়? ২
গ. মৌলি ফ্যাশনস লি. সমন্বয়ের ক্ষেত্রে কোন নীতিটি মেনে চলেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো কার্যকর সমন্বয় প্রতিষ্ঠানের লক্ষ্যার্জনকে সহজ করে তোলে? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

১১.►সেইজ ইন্টারন্যাশনাল লি. একটি আন্তর্জাতিক মানের সিরামিকস উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের বিক্রয় বিভাগের ব্যবস্থাপক টেলিফোনে উৎপাদন বিভাগের একজন সহকারী ব্যবস্থাপকের কাছে উৎপাদন সংক্রান্ত তথ্য জানতে চায়। কিন্তু উৎপাদন বিভাগের সহকারী ব্যবস্থাপক বিক্রয় ব্যবস্থাপকে যথেষ্ট তথ্য দিয়ে সহায়তা করেনি। ফলে বিক্রয় বিভাগ ও উৎপাদন বিভাগের মধ্যে দূরত্ব সৃষ্টি হয়। তাছাড়া প্রতিষ্ঠানের অন্যান্য বিভাগগুলোর মধ্যেও পারস্পরিক তথ্য আদান প্রদানের ক্ষেত্রে সহযোগিতার অভাব পরিলক্ষিত হচ্ছে।

ক. সাংগঠনিক যোগাযোগ কী? ১
খ. ‘প্রেরিত বার্তার সমরূপতা বজায় রাখার ক্ষেত্রে লিখিত যোগাযোগের কোনো বিকল্প নেই’- ব্যাখ্যা করো। ২



গ. সেইজ ইন্টারন্যাশনাল-এর বিক্রয় বিভাগের ব্যবস্থাপকের সাথে উৎপাদন বিভাগের সহকারী ব্যবস্থাকের মধ্যে সংগঠিত যোগাযোগটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিভিন্ন বিভাগের মধ্যে সৃষ্ট দূরত্ব খুঁচিয়ে ফেলার জন্য সেইজ ইন্টারন্যাশনাল লি.-এর করণীয় কী? যৌক্তিক মতামত দাও। ৪

উত্তর নির্দেশনা

- | | | |
|---|---|--|
| ১. Diiçò eBGqi 336 c†Óxvi 40 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ৫. Diiçò eBGqi 237 c†Óxvi 26 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ৯. Diiçò eBGqi 454 c†Óxvi 36 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ |
| ২. Diiçò eBGqi 258 c†Óxvi 33 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ৬. Diiçò eBGqi 362 c†Óxvi 40 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ১০. Diiçò eBGqi 431 c†Óxvi 29 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ |
| ৩. Diiçò eBGqi 387 c†Óxvi 33 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ৭. Diiçò eBGqi 285 c†Óxvi 40 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ১১. Diiçò eBGqi 411 c†Óxvi 33 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ |
| ৪. Diiçò eBGqi 310 c†Óxvi 36 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | ৮. Diiçò eBGqi 387 c†Óxvi 34 bÁ¼i m†Rbkxj cÉGk²vii `ÉÓjeÅ | |

